

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারকনং-বশিবো/ জেএসসি(০২)/২০১৬/৬৭২

তারিখ: ২৪/০৩/২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের জেএসসি পরীক্ষার্থীদের নিবন্ধন প্রক্রিয়া On line এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপ:

০১। নির্ধারিত ফি ও সময়সূচিঃ

বিবরণ	শিক্ষার্থী সংখ্যা	রেজিঃফি	রেড ক্রিসেন্ট ফি	অন-লাইন ফি	মোট ফি এর পরিমাণ
ফি এর পরিমাণ	০১ জন	৫০/-	০৪/-	০৬/-	৬০/-

সময়সূচি: টি.টি করার তারিখ ২৭/০৩/২০১৬ হতে ০৭/০৪/২০১৬ পর্যন্ত

- ০২। esif এ থেকে প্রাপ্ত IT পূরণকৃত ফরম Download করে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। টিটি জমা দেওয়ার কমপক্ষে ০২ দিন পর ডাটা এন্ট্রি করতে পারবে। টিটি করার হিসাব নং- ২০০০১৩৬৬৯।
- ০৩। অন লাইনে নিবন্ধন করার(eSIF Data entry পূরণের)তারিখঃ ০৮/০৪/২০১৬- ২৫/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত।
- ০৪। যে সব শিক্ষার্থীদের জন্ম তারিখ ০১-০১-২০০০ তারিখ হতে ৩১-১২-২০০৪ তারিখের মধ্যে কেবল মাত্র সে সব শিক্ষার্থীরাই ২০১৬ সালের জেএসসি নিবন্ধন করতে পারবে।
- ০৫। eSIF পূরণের সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মিঃ, মিসেস, মৃত, মরহুম, প্রফেসর, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড., শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি এ, এম এ, এফ আর সি এস ইত্যাদি সংযুক্ত করা যাবে না।
- ০৬। অ- অনুমোদিত বিদ্যালয় সমূহের শিক্ষার্থীরা পার্শ্ববর্তী অনুমোদিত বিদ্যালয় থেকে নিবন্ধন করবে।
- ০৭। ২০১৫ সালে জে,এস,সি নিবন্ধনের জন্য সরবরাহকৃত Pass word ব্যবহার করে নিবন্ধন করতে হবে।
- ০৮। রেড ক্রিসেন্ট ফি বাবদ ৮ম শ্রেণীতে ১০/- টাকা হারে (শিক্ষার্থী প্রতি) এককালীন আদায় করতে হবে। আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।
- ০৯। অসম্পূর্ণ এবং ভুল তথ্যের জন্য প্রধান শিক্ষক দায়ী থাকবেন।  
বিঃদ্র: নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজেই দায়ী থাকিবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

২৪/৩/১৬

বরিশাল

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত  
মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

- ০১। সচিব, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। সিস্টেম এনালিস্ট(ভারপ্রাপ্ত), কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)
- ০৯। সংরক্ষণ নথি